

Media Clippings of FI camps attended by RD in Bijur-1 and Amadpur GPs in Purba Bardhaman District on August 7, 2025

মেমারিতে ব্যাক্সের সচেতনতা শিবির



(নিঃ প্রঃ) মেমারি, ৭ আগস্ট। ডিপার্টমেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিস-এর নির্দেশে গত ১লা জুলাই থেকে সারা দেশ ব্যাপী স্যাচুরেশন অফ ফিনান্সিয়াল ইনস্লুসেন সচেতনতার প্রচার শুরু হয়েছে। এই সচেতনতা চলবে আগামী ৩০সেপ্টেম্বর পর্যন্ত।

এদিন পূর্ব জেলার প্রাম পঞ্চায়েত এলাকায় বিভিন্ন ব্যাক্স আধিকারিক ও গ্রাহকদের নিয়ে দুটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এই দুই কর্মশালার নেতৃত্বে ছিলেন রিজার্ভ ব্যাক্স অফ ইণ্ডিয়া, কোলকাতার রিজিওনাল শাখার ডিরেক্টর শ্রী সুধাংশু প্রসাদ, ইউকো ব্যাক্স, ইণ্ডিয়ান ব্যাক্স, স্টেট ব্যাক্স অফ ইণ্ডিয়া, কানাড়া ব্যাক্স, ইণ্ডিয়ান ওভারসিস ব্যাক্স, সেন্ট্রাল ব্যাক্স সহ ১৭টি ব্যাক্স-এর জেনারেল ম্যানেজার ও ডেপুটি জেনারেল

ম্যানেজার পদের আধিকারিকরা এই কর্মশালায় অংশগ্রহণ করেন। প্রথম কর্মশালাটি অনুষ্ঠিত হয় মেমারী-২নং ব্লকের বিজুর-১নং গ্রাম পঞ্চায়েত এলাকায়।

দ্বিতীয় কর্মশালাটি ইউকো ব্যাক্স-এর পরিচালনায় অনুষ্ঠিত হয় মেমারী-২নং ব্লকের আমোদপুর গ্রাম-পঞ্চায়েত এলাকায় (কৃষ্ণ সিনেমা হলে)। প্রামীণ এলাকার প্রত্যেক মানুষকে ব্যাক্সিং পরিষেবার আওতায় আনা ও বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্প সম্পর্কে অবগত করাই এই কর্মসূচীর প্রধান উদ্দেশ্য বলে জানান উদ্যোগত্বে। এছাড়া এই কর্মশালায় গ্রাহকদের রিকেওয়াইসি সম্পর্কে জানানো হয় ও তাৎক্ষণিক রিকেওয়াইসি করানোর ব্যবস্থা করা হয়। এদিনের কর্মশালায় উপস্থিত ছিলেন

(৪ৰ্থ পাতার দ্রঃ)

Name of the Paper: Bardhman Darpan

Edition: Morning edition

Date of Publish: August 13, 2025

মেমারিতে ব্যাক্সের সচেতনতা শিবির

(২য় পাতার পর)

মেমারী-১ ও ২নং ব্লকের সমস্ত ব্যাক্স শাখার আধিকারিকগণ। বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্প বিশেষত দুর্ঘটনা জনিত মৃত্যুর জন্য প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা, প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনা ও জন সাধারণের জন্য অটল পেনশন যোজনায় সংযুক্তি-করণের সুবিধা সম্পর্কে গ্রাহকদের জানানো হয়। এর পাশাপাশি সাইবার ক্রাইম সম্পর্কিত প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন বিষয় এই কর্মসূচীতে তুলে ধরা হয়। রিজিওনাল ডিরেক্টর রিজার্ভ ব্যাক্স অফ ইণ্ডিয়া মাননীয় শ্রী সুধাংশু প্রসাদ গ্রাহকদের বিস্তারিতভাবে রি-কেওয়াইসির প্রয়োজনীয়তা, তার সময়সূচী ও রি-কেওয়াইসি না করার সমস্যা সম্পর্কে অবগত

করেন এবং রি-কেওয়াইসি তাৎক্ষনিক করার আবেদন জানান। সাময়িকভাবে বন্ধ ব্যাক্স অ্যাকাউন্ট গুলি রি-কেওয়াইসি দ্বারা চালু করার ব্যবস্থাও এই কর্মশালার অংশ, অথবা সংশ্লিষ্ট ব্যাক্স শাখায় নতুন রি-কেওয়াইসি-র মাধ্যমে বন্ধ হয়ে যাওয়া ব্যাক্স অ্যাকাউন্ট চালু করার বিষয়ে জানান। ব্যাক্স আধিকারিক আরও বলেন, শিবিরগুলিতে জন সাধারণ বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পে নিজেদের নাম নথিভুক্ত করতে পারবেন।

এই দিনের শিবিরগুলির সমন্বয়ের দ্বায়িত্বে ছিলেন ব্যাক্স আধিকারিকগণ। পরবর্তী সময়ে এই জেলায় আরও অন্যান্য পঞ্চায়েত এলাকায় এইরকম ব্যাক্সিং কর্মশালা শিবির অনুষ্ঠিত হবে বলে তাঁরা জানান।

Name of the Paper: Bardhman Darpan

Edition: Morning edition

Date of Publish: August 13, 2025